গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালতের কার্যালয়
মাদারীপুর।
www.madaripur.judiciary.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-অজেজ/মাদারী-২৬৯ (নিয়োগ বিজ্ঞপ্তি) তারিখ ঃ ১৪/১১/২০২৪ খ্রিঃ।

মাদারীপুর জেলা ও দায়রা জজ আদালতের নিম্নবর্ণিত শূন্য পদ সমূহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রত্যেকটি পদের বিপরীতে যোগ্যতাসম্পন্ন অগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিজ হাতে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | ০১(এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সাঁটলিপি লিখনে প্রতি মিনিটে বাংলায় ৮০ শব্দ ও ইংরেজীতে ১০০ শব্দ। (গ) কম্পিউটারে টাইপিং গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ। |
| ২ | নিম্নমান সহকারী (বেঞ্চ সহকারী) | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০২(দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ৩ | নিম্নমান সহকারী (নাজির, সহকারী জজ আদালত) | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০১(এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০৪(চার)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ। |
| ৫ | জারীকারক | (৮৫০০-২০৫৭০/-) (গ্রেড-১৯) | ০৩(তিন)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬ | অফিস সহায়ক | (৮২৫০-২০০১০/-) (গ্রেড-২০) | ১২(বার)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে নূন্যতম ৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলী

১। প্রার্থীকে "সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, মাদারীপুর" কে সম্বোধন করে নিজ হাতে স্পষ্ট অক্ষরে আবেদন করতে হবে।

২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নিজ নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ০১/১২/২০২৪ খ্রিঃ তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) নিজ জেলা, (ঞ) ধর্ম, (ট) জাতীয় পরিচয়পত্র নম্বর, (ঠ) শিক্ষাগত যোগ্যতা, (ড) কম্পিউটারে পারদর্শীতাসহ অন্যান্য যোগ্যতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ পূর্বক আগামী ০১/১২/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালত, মাদারীপুরের কার্যালয়ে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩। ০১/১২/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট এর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা বিধি মোতাবেক অনুসরণ করা হবে। আবেদনপত্র দাখিলের তারিখে বা তৎপূর্বে সরকার নির্ধারিত বয়স সীমা বৃদ্ধি করলে তাও কার্যকর হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।

৫। আবেদনপত্রের সহিত (ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি, (গ) আবেদনকারীর স্থায়ী ঠিকানা সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ/পৌরসভা বা সিটি কর্পোরেশন-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র/ জাতীয় পরিচপত্রের ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে, (ঘ) ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (ঙ) কোটার সমর্থনে প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।

৬। প্রার্থী যে ঠিকানায় পত্র পেতে আগ্রহী সেই ঠিকানা সম্বলিত ২০/-(বিশ) টাকার ডাকটিকিটযুক্ত (৯.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি) সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে। খামের উপরে পদের নাম ও কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

৭। "পরীক্ষার ফি" বাবদ ১ নং ক্রমিকের জন্য ২০০/- টাকা ও ২-৬ নং ক্রমিকের জন্য ১৫০/- টাকা অনলাইন অটোমেটেড চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড-এ ১-২১০৪-০২১০-৫০৯৮-১৪২২৩২৬ নং কোডে জমা দিয়ে চালানের মূল কপি দাখিল করতে হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধিবিধান অনুসরণ করা হবে।

৯। বাছাইকৃত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান ইন্টারভিউ কার্ডের মাধ্যমে জানানো হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১১। আবেদনপত্রের খামের উপরে পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে।

১২। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

১৩। এই নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিতকরণ/বাতিলকরণ/পদ সংখ্যা হ্রাস বা বৃদ্ধিসহ নিয়োগ সম্পর্কিত যে কোন ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১৫। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন ঃ www.madaripur.judiciary.gov.bd

S.M.N.Nazmin
(এস.এম নাহিদা নাজমীন)
সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ
১ম আদালত, মাদারীপুর।